**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 20-06-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-35AM** **Compiling : Sudip Basu**
**DEO : KB** **NR : Sudip Basu**

Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ –

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ সুপ্রিম কোর্টের রায়ে চাকরিহারা গ্রুপ-সি ও গ্রুপ-ডি কর্মীদের ভাতা দেওয়ার রাজ্য সরকারের সিদ্ধান্তের বিরোধিতা করে দায়ের মামলায় আজ রায় ঘোষণা।

২/ বিজেপি পরিষদীয় দল, আজ ‘পশ্চিমবঙ্গ দিবস’ পালন করছে।

৩/ পশ্চিমবঙ্গ বিক্রয় কর (বিরোধ নিষ্পত্তি) (সংশোধন) বিল ২০২৫, গতকাল বিধানসভায় গৃহীত হয়েছে।

৪/ রাজ্যে ৮’লক্ষ ৪৭ হাজারের বেশী মৎস্যজীবীকে, কোড যুক্ত সচিত্র পরিচয় পত্র দেওয়া হয়েছে।

৫/ আজ থেকে কমবে বৃষ্টির পরিমাণ।

# নিম্নচাপের বৃষ্টি ও DVC-র ছাড়া জলে, দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় প্লাবন পরিস্থিতির পর্যালোচনা করেছে রাজ্য সরকার।

৬/ কলেজগুলিতে ভর্তির জন্য কেন্দ্রীয় পোর্টালে ২’লক্ষের বেশী আবেদন জমা পড়েছে।

*******************************************************************

সুপ্রিম কোর্টের রায়ে চাকরিহারা গ্রুপ-সি ও গ্রুপ-ডি কর্মিদের ভাতা দেওয়ার রাজ্য সরকারের সিদ্ধান্তের বিরোধিতা করে দায়ের মামলায় আজ রায় ঘোষণা করবেন বিচারপতি অমৃতা সিনহা। সকাল সাড়ে দশটায় এই রায় দানের কথা।

শীর্ষ আদালতের নির্দেশে ২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে নিযুক্ত প্রায় ২৬ হাজার কর্মরত শিক্ষক অশিক্ষক কর্মচারী চাকরি হারিয়েছিলেন। তারপরই রাজ্য সরকার গ্রুপ-সি ও গ্রুপ-ডি কর্মচারীদের জন্য যথাক্রমে ২৫ হাজার ও ২০ হাজার টাকা করে ভাতা দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করে। রাজ্যের এই সিদ্ধান্তের বিরোধিতা করে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেন ২০১৬ সালেরই ওয়েটিং লিস্টে থাকা চাকরি প্রার্থীরা।

************************

কলকাতা পুরসভাতে নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি, কলকাতা হাইকোর্ট বাতিল করে দিয়েছে। OBC-র নতুন তালিকার ওপর গত মঙ্গলবার আদালত অন্তর্বর্তী স্থগিতাদেশ দেয়। সেই নির্দেশ অমান্য করে OBC কোটায় নিয়োগের উদ্যোগ নেওয়ার অভিযোগ ওঠে কলকাতা পুরসভার বিরুদ্ধে। একে চ্যালেঞ্জ করে হাইকোর্টে মামলা দায়ের হলে, বিচারপতি কৌশিক চন্দ, নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করে দেন।

************************

বিজেপি পরিষদীয় দল, আজ রেড রোডে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মূর্তির পাদদেশে ‘পশ্চিমবঙ্গ দিবস’ পালন করবে।

রাজ্য বিধানসভায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে  বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, আজ বিধানসভা অধিবেশনের প্রথমার্ধে প্রশ্নোত্তর পর্বের শেষে পরিষদীয় দল রেড রোডের উদ্দেশ্যে পদযাত্রা করবে।

এরপর বিকেলে আসানসোলে পশ্চিমবঙ্গ দিবস পালন উপলক্ষে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এছাড়াও রাজ্যের বিভিন্ন জায়গায় দিনটি পালন করা হবে।

( বাইট- শুভেন্দু )

**********************

দক্ষিণ ২৪ পরগণার বজবজে সর্বদলীয় বৈঠকে যোগ দিতে যাওয়ার সময় আক্রান্ত দলীয় কর্মীদের সঙ্গে নিয়ে গতকাল রাজভবনে রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করেছেন রাজ্য বিজেপির সভাপতি সুকান্ত মজুমদার। তাঁদের ওপর কি ধরণের নিপীড়ন চলছে, সে বিষয়ে রাজ্যপাল সি ভি আনন্দ বোসকে সবিস্তারে জানানো হয়েছে বলে বিজেপি সূত্রে খবর।

এর আগে গতকাল দুপুরে সুকান্ত মজুমদার, বজবজে আক্রান্ত কর্মীদের সঙ্গে দেখা করতে গেলে, তাঁকে ঘিরে বিক্ষোভ দেখায় তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকরা। সুকান্তবাবুর অভিযোগ, প্রশাসনকে আগেভাগে জানান সত্বেও কোনো ব্যাবস্থা নেওয়া হয়নি।

( বাইট- সুকান্ত )

**********************

বোলপুরের পুলিশ আধিকারিকের পরিবারের মহিলাদের কদর্য ভাষায় আক্রমণের প্রতিবাদে বিজেপি আবারও অনুব্রত মণ্ডলকে গ্রেপ্তারের দাবি জানিয়েছে।

উল্লেখ্য, রাজ্য সরকারের একতরফাভাবে ধর্মের ভিত্তিতে OBC সংরক্ষণ এবং হিন্দু OBC-দের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত ও পুলিশ আধিকারিকের পরিবারকে আক্রমণ করার প্রতিবাদে বিজেপি সিউড়িতে ‘নারী সম্মান ও হিন্দু OBC অধিকার যাত্রা’ করে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই পদযাত্রায় অংশ নেন।

তিনি অভিযোগ করেন, যেভাবে অনুব্রত মণ্ডল পুলিশ আধিকারিকের পরিবারের মহিলাদের আক্রমণ করেছে, তা সমগ্র বাংলার মহিলাদের অসম্মান। তা সত্ত্বেও মুখ্যমন্ত্রী সহ রাজ্যের বিভিন্ন মন্ত্রী অনুব্রত মণ্ডলের সমর্থনে সরব হচ্ছেন। পাশাপাশি শ্রী অধিকারী ওবিসি সংরক্ষণ তালিকার বিরুদ্ধে হিন্দুদের ঐক্যবদ্ধ হওয়া এবং মমতা ব্যানার্জির সরকারকে উৎখাত করার ডাক দেন।

**********************

গুরুতর অসুস্থ বিজেপি সাংসদ তথা প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়-কে চিকিৎসার জন্য দিল্লি নিয়ে যাওয়া হচ্ছে।

AIIMS-এ তার চিকিৎসা চলবে বলে বিজেপি সূত্রে খবর।

বেশ কয়েকদিন ধরেই অ্যাকিউট প্যানক্রিয়াটাইটিসে আক্রান্ত অভিজিৎ গঙ্গোপাধ্যায়।

কলকাতার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন তিনি।

সুকান্ত মজুমদার সহ একাধিক বিজেপি নেতা হাসপাতালে গিয়ে তাঁকে দেখে আসেন।

***********************

করদাতাদের স্বস্তি দিতে এবং বিচারাধীন কর মামলাগুলির দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে, পশ্চিমবঙ্গ বিক্রয় কর (বিরোধ নিষ্পত্তি) (সংশোধন) বিল ২০২৫ বিধানসভায় গৃহীত হয়েছে। বিলের ওপর আলোচনা শেষে জবাবী ভাষণে গতকাল অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, বিক্রয় কর সংক্রান্ত অন্যান্য  বকেয়া মামলার নিষ্পত্তির উদ্দেশে এককালীন সুযোগ দেওয়া হচ্ছে। ২০১৭ সালের ৩০ শে জুন পর্যন্ত যে সমস্ত বিক্রয় করে দাবি  বকেয়া রয়েছে তার ৭৫ শতাংশ আগামী ৩১ শে জুলাই এর মধ্যে মিটিয়ে দিলে তাদের কোনরকম সুদ বা জরিমানা দিতে হবে না।

এদিকে, বিলের ওপর আলোচনায় অংশ নিলেও মন্ত্রীর জবাবী ভাষণ না শুনেই বিরোধী বিজেপি সদস্যরা মুখ্য সচেতক শংকর ঘোষের নেতৃত্বে অধিবেশন ছেড়ে বেরিয়ে যান। তা নিয়ে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়, অরূপ বিশ্বাস প্রমুখ অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের দৃষ্টি আকর্ষণ করে ক্ষোভ প্রকাশ করেন। অধ্যক্ষ বলেন, বিরোধীদের এই আচরণ শুধুমাত্র অসৌজন্যমূলকই নয়, অধ্যক্ষের পদের প্রতি ও অসম্মান। শাস্তিমূলক পদক্ষেপ হিসেবে তিনি  বিরোধী পক্ষের অশোক লাহিড়ী এবং অম্বিকা রায়ের বক্তব্য বিধানসভার কার্যবিবরণী থেকে বাদ দেওয়ার নির্দেশ দেন, যা সাম্প্রতিককালে নজিরবিহীন।

***********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র  মোদী এমাসের ২৯ তারিখ আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।  এটি হবে মন-কি-বাতের ১২৩-তম পর্ব।
বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে এমাসের ২৭ তারিখ পর্যন্ত মতামত জানানো যাবে।

************************

রাজ্যে, ৮ লক্ষ ৪৭ হাজারের বেশি  মৎস্যজীবীকে এখনও পর্যন্ত কোড যুক্ত সচিত্র পরিচয়পত্র  প্রদান করা হয়ছে। মৎস্য মন্ত্রী বিপ্লব রায় চৌধুরী গতকাল বিধানসভায় জানান, রাজ্যে ৩ হাজার ৩০৬ টি সামুদ্রিক মাছের ট্রলার এবং ৩ হাজার ৯৬৫ টি মোটরচালিত নৌকোতে এম.এস.এস ট্রান্সপন্ডার বসানোর সিদ্ধান্ত নিয়েছে মৎস্য দপ্তর। প্রথম পর্যায়ে ৫০০ টি সামগ্রিক মাছের ট্রলারে এই যন্ত্র বসানো হয়েছে। এর ফলে নৌকো বা ট্রলারগুলোর অবস্থান যেকোনো সময়ে নির্ণয় করা যাবে। বিপর্যয়ের সময় বার্তা পাঠানো অনেক সহজ হবে। সমুদ্রসাথী প্রকল্পের আওতায় মৎস্যজীবীদের বিমার আওতায় আনা হয়েছে। জীবিকার জন্য গভীর সমুদ্রে মাছ ধরতে যাওয়া মৎস্যজীবীদের স্বার্থ রক্ষায় রাজ্য সরকার, বিশেষ উদ্যোগ নিচ্ছে।

************************

উত্তর পূর্ব ঝাড়খণ্ড এবং সংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর থাকা সুস্পষ্ট নিম্নচাপটি আরো উত্তর-পশ্চিম দিকে ধীরে ধীরে অগ্রসর হচ্ছে। এর ফলে দক্ষিণবঙ্গে গত দুদিন ধরে যে বৃষ্টি হচ্ছিল তা আজ থেকে কমবে।

আজ এবং আগামীকাল রাজ্যের কোন জেলাতেই ভারী বৃষ্টির সম্ভাবনা নেই বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। তবে দফায় দফায় বৃষ্টির ফলে কমেছে

তাপমাত্রা। সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস স্বাভাবিকের চেয়ে যা এক ডিগ্রী কম। সর্ব্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা।

***********************

নিম্নচাপের বৃষ্টি এবং DVC-র ছাড়া জলে দক্ষিণবঙ্গের কয়েকটি জেলা প্লাবিত হওয়ায় রাজ্য সরকার গোটা পরিস্থিতির ওপরে নজর রাখছে।

মুখ্যসচিব মনোজ পন্থ গতকাল নবান্ন থেকে বাঁকুড়া, হাওড়া, হুগলি, দুই মেদিনীপুর সহ কয়েকটি জেলার জেলাশাসকের সঙ্গে বৈঠক করেন। সেখানে জেলা প্রশাসনকে প্লাবিত এলাকা পরিদর্শন করে ক্ষয়ক্ষতি সহ রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন। পাশাপাশি বিপর্যয় ব্যবস্থাপনা দপ্তরকে তৈরি থাকার নির্দেশ দেওয়া হয়েছে। পর্যাপ্ত ত্রাণ ও ত্রিপল মজুদ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়াও বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর ও হুগলি জেলায় পরিদর্শনে বিশেষ দল পাঠানো হবে বলে জানা গিয়েছে।

উল্লেখ্য, ডিভিসি ইতিমধ্যেই তাদের মাইথন ও পাঞ্চেত বাঁধ থেকে জল ছাড়ায় নিম্ন দামোদরের বেশ কয়েকটি জেলা প্লাবিত হয়েছে।

***********************

এবার যোগ দিবসের খবরঃ-

আগামীকাল ২১শে জুন, বিশ্বজুড়ে উদযাপিত হবে ১১-তম আন্তর্জাতিক যোগ দিবস। আকাশবাণী সংবাদ আপনাদের সামনে উপস্থাপন করছে একটি বিশেষ প্রতিবেদন, যেখানে তুলে ধরা হয়েছে কীভাবে প্রাচীন ভারতীয় ঐতিহ্য থেকে যোগ আজ একটি বিশ্বব্যাপী আন্দোলনে রূপান্তরিত হয়েছে।

আমাদের প্রতিনিধি অভিজিৎ চক্রবর্তীর একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

১১-তম আন্তর্জাতিক যোগ দিবসের মূল ভাব "এক পৃথিবী, এক স্বাস্থ্য এর জন্য-যোগ" একতা ও সুস্থতার বার্তা বহন করে। জাতি, ধর্ম বা দেশ যাই হোক না কেন, যোগ প্রত্যেককে একটি স্বাস্থ্যকর, আরও ভারসাম্যপূর্ণ এবং অর্থবহ জীবনের পথে এগিয়ে নিয়ে যেতে পারে।

************************

রাজ্যের ১৭ টি সরকার পোষিত বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকা ৪৬০ টি কলেজে স্নাতক স্তরে ভর্তির কেন্দ্রীয় পোর্টাল চালুর দু'দিনের মধ্যেই দু'লক্ষের বেশি আবেদন জমা পড়েছে। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন, ৬১ হাজার ১৫৫ জন ছাত্রছাত্রী এপর্যন্ত নাম নথিভুক্ত করেছেন। তাঁরা মোট ২ লক্ষ ৮৫ হাজার ৪৯৭ টি আবেদন করেছেন। মোট নথিভূক্ত ছাত্রছাত্রীদের মধ্যে ৩৭৪ জন ভিন রাজ্যের বাসিন্দা।

উল্লেখ্য, পয়লা জুলাই পর্যন্ত প্রথম দফায় নাম নথিভুক্তিকরণ ও আবেদন জানানো যাবে। ৬ জুলাই মেধাতালিকা প্রকাশ করা হবে।

**********************************************************************